



নং-৪৫.০০.০০০০.১২২.২৭.০২৬.২০২০-৩৯০

তারিখঃ ২৯.১০.২০২০ খ্রি.

**বিষয়ঃ ডাঃ উত্তম কুমার বড়ুয়া (১০৭২৭১), অধ্যাপক (চলতি দায়িত্ব) ও পরিচালক (ভারপ্রাপ্ত), শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুঞ্জলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক বিভাগীয় মামলা**

বিভাগীয় মামলা নং: .....৮৫/২০২০

**অভিযোগনামা**

যেহেতু আপনি ডাঃ উত্তম কুমার বড়ুয়া (১০৭২৭১), অধ্যাপক (চলতি দায়িত্ব) ও পরিচালক (ভারপ্রাপ্ত), শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা ২০১৮-১৯ অর্থবছরে ক্রয়কারী কর্তৃপক্ষ (Procuring Entity) হিসেবে হাসপাতালের জন্য ৮টি OT Light প্রকৃত মূল্যের চেয়ে অধিক মূল্যে ক্রয় করেছেন এবং এর মাধ্যমে সরকারের মোট ৪,৫৯,৬৪,০০০/- (চার কোটি ঊনষাট লক্ষ চৌষট্টি হাজার) টাকার আর্থিক ক্ষতি সাধন করেছেন;

যেহেতু আপনি ক্রয়কারী কর্তৃপক্ষ হিসেবে ২০১৮-১৯ অর্থবছরে ২টি Coblation Machine প্রকৃত মূল্যের চেয়ে অধিক মূল্যে ক্রয় করেছেন এবং এর মাধ্যমে সরকারের মোট ৭৮,০০,০০০/- (আটাত্তর লক্ষ) টাকার আর্থিক ক্ষতি সাধন করেছেন;

যেহেতু আপনি ক্রয়কারী কর্তৃপক্ষ হিসেবে ২০১৮-১৯ অর্থবছরে ২টি Anesthesia Machine with Ventilator প্রকৃত মূল্যের চেয়ে অধিক মূল্যে ক্রয় করেছেন এবং এর মাধ্যমে সরকারের মোট ১,১৭,২৫,০০০/- (এক কোটি সতের লক্ষ পঁচিশ হাজার) টাকার আর্থিক ক্ষতি সাধন করেছেন;

যেহেতু আপনি উক্ত প্রক্রিয়ায় উপরোল্লিখিত তিন ধরনের সরঞ্জাম ক্রয়ের মাধ্যমে সরকারের মোট ৬,৪০,৩১,৮০০/- (ছয় কোটি চল্লিশ লক্ষ একত্রিশ হাজার আটশত) টাকার আর্থিক ক্ষতি সাধন করেছেন;


যেহেতু আপনি ক্রয়কারী কর্তৃপক্ষ হিসেবে ক্রয় পরিকল্পনা প্রস্তুতকালে PPR-2008 এর তফসিল-৫ যথাযথভাবে অনুসরণ করেননি; কী কী সরঞ্জাম কতটি ক্রয় করা হবে, সম্ভাব্য Unit Price এর প্রাক্কলিত মূল্য কত ইত্যাদি তথ্য ক্রয় পরিকল্পনায় উল্লেখ করা হয়নি এবং সর্বোপরি উক্ত ক্রয় পরিকল্পনা HOPE কর্তৃক অনুমোদিত না হওয়ায় PPA-2006 এর ১১(৩) ধারা লঙ্ঘিত হয়েছে;

যেহেতু স্বাস্থ্য সেবা বিভাগের প্রাথমিক তদন্তে উপরোল্লিখিত অভিযোগসমূহের সত্যতা প্রমাণিত হয়েছে; এবং

যেহেতু আপনার এহেন কার্যকলাপ সরকারি কর্মচারী আচরণ বিধিমালা, ১৯৭৯ পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শুঞ্জলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধি মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতি হিসেবে গণ্য;

সেহেতু আপনাকে সরকারি কর্মচারী (শুঞ্জলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধি মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতির দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত দণ্ড প্রদান করা হবে না সে বিষয়ে নোটিশ প্রাপ্তির ১০ (দশ) কর্ম দিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ-দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হল। একইসঙ্গে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা, তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এ সঙ্গে সংযুক্ত করা হল।

  
২৯. ১০. ২০২০

(মো. আবদুল মান্নান)  
সচিব

ডাঃ উত্তম কুমার বড়ুয়া (১০৭২৭১)  
অধ্যাপক (চলতি দায়িত্ব) ও পরিচালক (ভারপ্রাপ্ত)  
শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা

নং-৪৫.০০.০০০০.১২২.২৭.০২৬.২০২০-৩৯০/১(৩১)  
অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

তারিখঃ ২৯-১০-২০২০ খ্রি.

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভ্যুত্তের বর্তমান ও স্থায়ী ঠিকানায় যথাযথভাবে জারি করে জারির প্রতিবেদন এ অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হল)।
- ২। যুগ্মসচিব (পার), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (বিষয়টি উক্ত কর্মকর্তার পিডিএস ও ডাটাবেজে সংরক্ষণ করার অনুরোধসহ)।
- ৪। পরিচালক, শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা।
- ৫। অধ্যক্ষ, শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ, ঢাকা।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। উপপরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (সংশ্লিষ্ট চিকিৎসকের ব্যক্তিগত ফাইলে এন্ট্রিসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)।
- ৮। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
- ৯। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ১০। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ১১। অফিস কপি।

২৯.১০.২০২০  
(মো: শাহাদত হোসেন কবির)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪৫০২৮  
disc@hsc.gov.bd

## অভিযোগ বিবরণী

আপনি ডাঃ উত্তম কুমার বড়ুয়া (১০৭২৭১), অধ্যাপক (চলতি দায়িত্ব) ও পরিচালক (ভারপ্রাপ্ত), শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা ২০১৮-১৯ অর্থবছরে ক্রয়কারী কর্তৃপক্ষ (Procuring Entity) হিসেবে হাসপাতালের জন্য ৮টি OT Light প্রকৃত মূল্যের চেয়ে অধিক মূল্যে ক্রয় করেছেন এবং এর মাধ্যমে সরকারের মোট ৪,৫৯,৬৪,০০০/- (চার কোটি ঊনষাট লক্ষ চৌষাট হাজার) টাকার আর্থিক ক্ষতি সাধন করেছেন;

আপনি ক্রয়কারী কর্তৃপক্ষ হিসেবে ২০১৮-১৯ অর্থবছরে ২টি Coblation Machine প্রকৃত মূল্যের চেয়ে অধিক মূল্যে ক্রয় করেছেন এবং এর মাধ্যমে সরকারের মোট ৭৮,০০,০০০/- (আটাত্তর লক্ষ) টাকার আর্থিক ক্ষতি সাধন করেছেন;


আপনি ক্রয়কারী কর্তৃপক্ষ হিসেবে ২০১৮-১৯ অর্থবছরে ২টি Anesthesia Machine with Ventilator প্রকৃত মূল্যের চেয়ে অধিক মূল্যে ক্রয় করেছেন এবং এর মাধ্যমে সরকারের মোট ১,১৭,২৫,০০০/- (এক কোটি সতের লক্ষ পচিশ হাজার) টাকার আর্থিক ক্ষতি সাধন করেছেন;

আপনি উক্ত প্রক্রিয়ায় উপরোল্লিখিত তিন ধরনের সরঞ্জাম ক্রয়ের মাধ্যমে সরকারের মোট ৬,৪০,৩১,৮০০/- (ছয় কোটি চল্লিশ লক্ষ একত্রিশ হাজার আটশত) টাকার আর্থিক ক্ষতি সাধন করেছেন;

আপনি ক্রয়কারী কর্তৃপক্ষ হিসেবে ক্রয় পরিকল্পনা প্রস্তুতকালে PPR-2008 এর তফসিল-৫ যথাযথভাবে অনুসরণ করেননি। কী কী সরঞ্জাম কতটি ক্রয় করা হবে, সম্ভাব্য Unit Price এর প্রাক্কলিত মূল্য কত ইত্যাদি তথ্য ক্রয় পরিকল্পনায় উল্লেখ করা হয়নি। সর্বোপরি উক্ত ক্রয় পরিকল্পনা HOPD কর্তৃক অনুমোদিত না হওয়ায় PPA-2006 এর ১১(৩) ধারা লঙ্ঘিত হয়েছে।

স্বাস্থ্য সেবা বিভাগের প্রাথমিক তদন্তে উপরোল্লিখিত অভিযোগসমূহের সত্যতা প্রমাণিত হয়েছে।

আপনার এহেন কর্মকাণ্ড সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধি মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতি হিসেবে গণ্য। আপনি উপর্যুক্ত কার্যক্রম দ্বারা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধি মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতির দায়ে অভিযুক্ত হয়েছেন।

  
২৯, ১০, ২০২০

(মো. আবদুল মান্নান)  
সচিব